# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 05-05-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার প্রস্তুতিতে দেশবাসীকে তৈরি থাকতে মক ড্রিল আয়োজনের জন্য কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যকে নির্দেশ দিয়েছে।

২) মুর্শিদাবাদে যে হিংসার ঘটনা ঘটেছে তা পূর্বপরিকল্পিত বড় চক্রান্ত বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবি করেছেন।

বিজেপি, মুর্শিদাবাদ ও মালদার ঘটনার জন্য মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছে।

নিরাপত্তা দেওয়ার নামে পুলিশের অতি সক্রিয়তাকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন জাফরাবাদে ওয়াকফ আইন বিরোধী হিংসায় নিহত হরগোবিন্দ দাসের পরিবার।

৩) শহরের একটি রুফটপ রেস্তোরাঁ ভাঙার ওপর আদালত আগামী বৃহস্পতিবার পর্যন্ত স্থগিতাদেশ জারি করলেও, অন্যান্য রুফটপ রেস্তোঁরার ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে কিনা, সেব্যাপারে শুনানি আগামীকাল।

৪) শিল্প ক্ষেত্রে কয়লা যোগান নিয়ে কোন সমস্যা হবে না বলে কেন্দ্রীয় কয়লা ও খনি দফতরের প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে জানিয়েছেন।

৫) বৈজ্ঞানিক সমাজতন্ত্রের অন্যতম প্রবক্তা কার্ল মার্কসের আজ ২০৮-তম জন্মদিন।

০০০০০০০০০০০০০০০০০

যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার জন্য দেশবাসীকে তৈরি থাকতে মক ড্রিলের আয়োজনের জন্য কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যকে নির্দেশ দিয়েছে।  কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক আজ এক নির্দেশিকা জারি করে জানিয়েছে,  ৭ মে থেকে অসামরিক প্রতিরক্ষা,  পড়ুয়া, সাধারণ মানুষকে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ দিতে হবে। মূলত আচমকা হামলা থেকে আত্মরক্ষার কৌশল শেখাতে বলা হয়েছে। পাশাপাশি ব্ল্যাক আউটের সময় করণীয় সম্পর্কেও প্রশিক্ষণ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে । বিমান হানার সংকেত দেওয়ার সাইরেন ঠিকমত কাজ করছে কিনা, গুরুত্বপুর্ন ভবন, সৌধ, কারখানা ইত্যাদি রক্ষা করতে ক্যামোফ্লেজ করার ব্যবস্থা আছে কিনা তা দেখতে বলা হয়েছে। শত্রু হানার সময় সাধারণ মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যেতে নিরাপত্তা বাহিনী কতটা প্রস্তুত তাও খতিয়ে দেখার কথা নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদে যে হিংসার ঘটনা ঘটেছে তা পূর্বপরিকল্পিত বড় চক্রান্ত বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবি করেছেন। ধর্মের নামে কেউ কেউ ভুল প্রচার করছে । তিনি আজ দুপুরে বহরমপুর ব্যারাক স্কোয়্যার ময়দানের হেলিপ্যাডে অবতরণের পর সাংবাদিকেদের কাছে সামশেরগঞ্জের ঘটনা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। মুখ্যমন্ত্রী আরও বলেন, তিনি কারোর বিপক্ষে নন এবং ষড়োযন্ত্র ও দাঙ্গার বিরুদ্ধে। ধর্মের নামে কেউ কেউ ভুল প্রচার করছে এবং তার জন্য মানুষ প্ররোচিত হচ্ছে। মুর্শিদাবাদের আসল সত্য দ্রুত সামনে আনা হবে জানিয়ে মুখ্যমন্ত্রী দোষীদের কঠোর শাস্তির আশ্বাস দেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

বহরমপুর সার্কিট হাউস থেকে জেলা প্রশাসনিক ভবনে যান মমতা ব্যানার্জী। সেখানে তিনি অভিযোগ করেন সামশেরগঞ্জে হিংসার বলি বাবা ও ছেলে - হরগোবিন্দ ও চন্দন দাসের পরিবারকে লুকিয়ে রাখা হয়েছে ।

প্রশাসনিক ভবন থেকে সার্কিট হাউসে ফেরার পথে ভাগীরথীর ধারে মৃতশিল্পী শ্রীদাম হালদারের বাড়িতে যান মুখ্যমন্ত্রী।

আগামীকাল হিংসা কবলিত ধুলিয়ান ও সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা তিনি পরিদর্শন করবেন। ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সদস্যদের সঙ্গে কথা বলবেন বলে জানা গেছে। এর পর সুতির ছাপঘাটি কেডি বিদ্যালয়ের মাঠে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর বেশ কিছু উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের কর্মসূচী রয়েছে। সেখান থেকেই হিংসায় আক্রান্ত পরিবারের সদস্যদের হাতে তিনি আর্থিক সহায়তা তুলে দেবেন ।

এদিকে, জাফরাবাদে নিহত হরগোবিন্দ ও চন্দন দাসের পরিবারকে পুলিশ জবরদস্তি নিভৃতবাস থেকে বের করার চেষ্টা করছেন বলে কংগ্রেস নেতা অধীরঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন মুখ্যমন্ত্রীর উচিত ছিল, তাদের বাড়িতে গিয়ে ক্ষমা চাওয়া। কিন্তু তার পরিবর্তে পুলিশ তাদের হেনস্থা করছে।

(বাইট – অধীর)

মুর্শিদাবাদে হিংসাত্মক ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে ক্ষতিপূরণ, অপরাধীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিও জানিয়েছেন অধীরবাবু।

০০০০০০০০০০০০০০০০০

বি জে পি, মুর্শিদাবাদ, ও মালদার ঘটনার জন্য পুরোপুরি মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজিকেই দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেছেন,মুখ্যমন্ত্রীর প্ররোচনায় এবং পুলিশের নিষ্ক্রিয়তাতেই এই ঘটনা ঘটেছে। মুখ্যমন্ত্রীর আজকের সফরকে কটাক্ষ করে তিনি অভিযোগ করেন, পুলিশ প্রশাসন আজ যে সক্রিয়তা দেখিয়েছে, মোথাবাড়ি, সামশেরগঞ্জ, ধুলিয়ানে আক্রমণের সময় তা ছিলনা।

মুর্শিদাবাদের ঘটনা নিয়ে রাজ্যপালের রিপোর্টকে স্বাগত জানিয়ে বিরোধী দলনেতা মুর্শিদাবাদের ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনের জন্য সি ভি আনন্দ বোস কে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।

(বাইট - শুভেন্দু )

এই প্রসঙ্গে তিনি আবারো রাষ্ট্রপতি শাসনে বিধানসভা নির্বাচন করার দাবি জানান।

oooooooooooooooo

এদিকে, নিরাপত্তা দেওয়ার নামে বিধাননগর পূর্ব থানা পুলিশের অতি সক্রিয়তাকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দারস্থ হয়েছে মুর্শিদাবাদের জাফরাবাদে ওয়াকফ আইন বিরোধী হিংসায় নিহত হরগোবিন্দ এবং চন্দন দাসের পরিবার। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ মামলা দায়েরের অনুমতি দিয়ে ফের আগামীকাল আদালতে বিষয়েটি উল্লেখ করার নির্দেশ দিয়েছেন। তারপরই বিচারপতি সিদ্ধান্ত গ্রহণ করবেন, তিনি আদৌ এই মামলা শুনবেন কিনা।

উল্লেখ্য, নিহতদের পরিবারের সদস্যদের গত শনিবার রাতের অন্ধকারে পুলিশ বিধাননগরে তাদের আস্তানা থেকে দরজা ভেঙে জোর করে নিয়ে যাওয়ার চেষ্টা করে বলে অভিযোগ। পুলিশের দাবি, তাদের অপহরন করে সেখানে রাখা হয়েছিল। যদিও ঐ পরিবারের দাবি, তারা স্বেচ্ছায় সেখানে ছিলেন। পুলিশের অপহরণের তত্ত্ব তারা খারিজ করে দিয়েছেন।

oooooooooooooooo

রাজ্যে হিন্দুদের আক্রান্ত হওয়ার ঘটনায় রাজ্য মানবাধিকার কমিশনের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে সল্টলেকে কমিশনের অফিসের সামনে বিক্ষোভ করতে চেয়ে বিজেপি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। বেলা ১১ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত ১০০০ জন কর্মী সমর্থক নিয়ে আগামীকাল অবস্থানের অনুমতি চাওয়া হলে পুলিশ তা

দেয়নি বলে অভিযোগ। অবস্থানে উপস্থিত থাকতে পারেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ মামলা দায়েরের অনুমিত দিয়েছেন। আগামীকাল এই মামলার শুনানি হতে পারে।

০০০০০০০০০০০০০০০০

**কলকাতা হাইকোর্ট শহরের একটি রুফটপ বা ছাদের ওপর রেস্তোরাঁ ভাঙার ওপর** আগামী বৃহস্পতিবার ৮-ই মে পর্যন্ত স্থগিতাদেশ জারি করেছে। বিচারপতি গৌরাঙ্গ কান্তের সিঙ্গেল বেঞ্চ আজ এই নিষেধাজ্ঞা জারি করেন।

পার্ক স্ট্রীটে  ম্যাগমা হাউসের ওই রুফটপ রেস্তোরাঁটি ভাঙ্গার নোটিশ জারি করে, পুরসভা সেই কাজ শুরু করেছিল। কলকাতা হাইকোর্টের সেই স্হগিতাদেশের ফলে, আপাতত ভাঙার কাজ বন্ধ থাকছে।

তবে, অন্যান্য রুফটপ রেস্তোঁরার ক্ষেত্রেও এই নির্দেশ প্রযোজ্য হবে কিনা, সেব্যাপারে শুনানি আগামীকাল।

**এদিকে, রাজ্য সরকার বড়বাজারে মেছুয়া পট্টিতে ঋতুরাজ হোটেলে অগ্নিকান্ডে ১৪ জনের মৃত্যুর পর রাজ্যের প্রতিটি হোটেলে অগ্নি নির্বাপন ব্যবস্হা খতিয়ে দেখার সিদ্ধান্ত নিয়েছে।** একই সঙ্গে বিভিন্ন স্কুলের অগ্নিনির্বাপণ ব্যবস্থাও খতিয়ে দেখতে ফায়ার সেফটি অডিট করা হবে । দমকল মন্ত্রী সুজিত বসু জানিয়েছেন অগ্নিকাণ্ডে প্রাণহানি আটকানোই সরকারের লক্ষ্য। তাই মানুষের নিরাপত্তার স্বার্থে আর একবার অগ্নি সুরক্ষা ব্যবস্থা সমীক্ষার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হোটেলে পর্যাপ্ত অগ্নিনির্বাপণ ব্যবস্থা আছে কি না, ফায়ার লাইসেন্স, অতিথিদের ঢোকা বেরনোর যথেষ্ট জায়গা আছে কি না এই সবই খতিয়ে দেখা হবে।

উল্লেখ্য। এর আগে হাসপাতাল, শপিং মল, বাজার সহ যেসব জায়গায় এক সঙ্গে অনেক মানুষের জমায়েত হয়, সেখানে ‘ফায়ার সেফটি অডিট’ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

শিল্প ক্ষেত্রে কয়লার যোগান নিয়ে কোনো সমস্যা হবে না বলে কেন্দ্রীয় কয়লা ও খনি দপ্তরের প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে জানিয়েছেন। তিনি আজ পশ্চিম বর্ধমানের সাঁকতোড়িয়ায় ইসিএল সদর দপ্তরে বলেন, লৌহ, ঈস্পাত কারখানা, বা বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কিংবা ছোট ছোট শিল্প সব ক্ষেত্রেই কয়লার ব্যবস্থা করা হবে।

(বাইট )

পাশাপাশি দূষন মুক্ত কয়লার ব্যবহারের উপর জোর দেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

উল্লেখ্য, কেন্দ্রীয় কয়লা ও খনি প্রতিমন্ত্রী আজ বর্ধমানে ইসিএলের সদর দপ্তর সাঁকতোড়িইয়াতে যান। সেখানে তিনি শহীদ বেদিতে মাল্য দান করে শ্রদ্ধা জানান। ইসিএলের পক্ষ থেকে তাঁকে গার্ড অফ অনার দেওয়া হয়। পরে তিনি ইসিএলের আধিকারিকদের সংগে পর্যালোচনা বৈঠক করেন।

পরে মন্ত্রী ইসিএলের শোনপুর বাজারি কোলিয়ারি পরিদর্শন করেন। সেখানে একাধিক অনুষ্ঠানে অংশ নেন। একটি পুনর্বাসন সাইটের উদ্বোধন ও বৃক্ষরোপন করে তিনি বলেন, পুনর্বাসনের সমস্যার দিকে নজর দেওয়া হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে। ওই আসনে উপ-নির্বাচনের আগে নদীয়ার জেলাশাসক ও জেলা নির্বাচনী আধিকারিক অরুণ প্রসাদ আজ এই ভোটার তালিকার কপি স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের হাতে তুলে দেন। চূড়ান্ত ভোটার তালিকায় মোট ২ লক্ষ ৫২ হাজার ৬৭০ জনের নাম অন্তর্ভূক্ত হয়েছে। এরমধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ ৩০ হাজার ৩৬৩ জন, মহিলা ভোটার ১ লক্ষ ২২ হাজার ৩০৩ জন। এছাড়া চার জন তৃতীয় লিঙ্গের ভোট দাতা রয়েছেন।

উল্লেখ্য, এপ্রিলের ৮ থেকে ২৪ তারিখ পর্যন্ত এই ভোটার তালিকা সংশোধনের বিশেষ অভিযান চলে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, মোট ৩ হাজার ৬৩২ জন ভোটারের নাম যুক্ত হয়েছে, বাদ পড়েছে ৫ হাজার ৮৪০ জনের নাম।

০০০০০০০০০০০০০০০০০

২০১৬ সালে চাকরি বাতিল হওয়া ৯২ জন যোগ্য শিক্ষক উচ্চ প্রাথমিকে নিয়োগ চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছেন। কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য আজ এই মামলার শুনানিতে চাকরি হারা ওই শিক্ষকদের আবার নিয়োগ করা যায় কিনা সেই নিয়ে স্কুল সার্ভিস কমিশনের কাছে জানতে চেয়েছেন। জুন মাসের মধ্যে এই রিপোর্ট দিতে বলা হয়েছে।

৯২ জন শিক্ষকের পক্ষে আইনজীবী শুভ্রপ্রকাশ লাহিড়ী তাঁর সওয়ালে বলেন, ২০১৬ সালে উচ্চ-প্রাথমিকের ইন্টারভিউ-এ তাদের বসতে দেওয়া হয়নি। কারণ ততদিনে তারা নবম থেকে দ্বাদশে নিয়োগ পেয়েছেন।

সুপ্রিম কোর্টের নির্দেশে এদের চাকরি চলে যাওয়ায়, চাকরি হারা ওই ৯২ জনকে যাতে উচ্চ-প্রাথমিকে নিয়োগ করা হয় তার জন্য আদালতের দ্বারস্থ হয়েছেন। কারণ তাদের বক্তব্য উচ্চ-প্রাথমিকে পার্সোনালিটি টেস্টের আগেই নবম থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষকের চাকরি পেয়ে যাওয়ায় এসএসসি, তাদের পার্সোনালিটি টেস্টে বসতে দেয়নি। ২০১৬-র উচ্চ-প্রাথমিকে যেহেতু এখনও নিয়োগ প্রক্রিয়া চলেছে, তাই তাদের আবার সুযোগ দেওয়ার জন্যও জোরালো সওয়াল করেন তিনি।

০০০০০০০০০০০০০০০

যোগ্য চাকরিহারাদের পুনর্বহালের দাবিতে আগামী ৭ তারিখ থেকে বিকাশ ভবনের সামনে লাগাতার অবস্থানের ডাক দিয়েছে চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের একটি সংগঠন। তাঁদের চাকরি বাঁচাতে সরকার কী পদক্ষেপ করছে, তা জানতে চেয়ে আজ স্কুল

সার্ভিস কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে বৈঠক করেন তালিকায় নাম থাকা চাকরিহারা শিক্ষকদের এক প্রতিনিধি দল।

উল্লেখ্য, রাজ্য সরকার, রায় পুনর্বিবেচনার দাবিতে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে। আজ এসএসসি চেয়ারম্যানের সঙ্গে বৈঠকের পর চাকরিহারাদের তরফে সুমন বিশ্বাস বলেন, যোগ্যদের চাকরি বাঁচাতে মামলার খসড়ায় কী লেখা আছে, তা জানতে চাওয়া হলেও এসএসসি তা দেখায়নি। সরকার অযোগ্যদের চাকরি বাঁচাতে লড়ছে কিনা সেই প্রশ্ন তোলেন তাঁরা। তবে এসএসসির তরফে যোগ্যদের চাকরি বাঁচানোর জন্য আশ্বাস দেওয়া হয়েছে বলে তিনি জানান।

ooooooooooooooo

চলতি বছরের বাজেটে এপ্রিল মাস থেকে চার শতাংশ মহার্ঘ্য ভাতা বৃদ্ধির ঘোষণার পরেও রাজ্য সরকারি পেনশন প্রাপকরা বর্ধিত হারে ডিএ পাননি বলে অভিযোগ জানিয়ে সংগ্রামী যৌথ মঞ্চ রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। মুখ্যসচিব মনোজ পন্থকে লেখা ঐ চিঠিতে পেনশন প্রাপকদের এক সপ্তাহের মধ্যে বার্ষিক ৬ শতাংশ সুদ সহ যাবতীয় বকেয়া আগামী এক সপ্তাহের মধ্যে মিটিয়ে দেওয়ার দাবি জানানো হয়েছে। এই বিষয়ে শীর্ষ আদালতের অতীতের রায় উল্লেখ করে চিঠিতে বলা হয়েছে, যাদের গাফিলতিতে এই ঘটনা ঘটেছে, তাদের চিহ্নিত করে শাস্তি দিতে হবে।

ooooooooooooooo

মহান দার্শনিক ও বৈজ্ঞানিক সমাজতন্ত্রের অন্যতম রূপকার কার্ল মার্কসের আজ ২০৮তম জন্মদিন। এই উপলক্ষ্যে নানা অনুষ্ঠানে তাঁকে স্মরন করা হচ্ছে। সকালে কলকাতার সুরেন্দ্রনাথ পার্কে , মার্কস এঙ্গেলস মূর্তি প্রাঙ্গণে রাজ্য বামফ্রন্টে আয়োজিত এক অনুষ্ঠানে কার্ল মার্কসের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।ধর্মতলায় মার্কস - এঙ্গেলস মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু, সিপিআইএম এর

রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, সিপিআইএম নেতা রবীন দেব , কল্লোল মজুমদার সহ বামফ্রন্টের নেতৃবৃন্দ।

বিকেলে প্রমোদ দাশগুপ্ত ভবনে কার্ল মার্কস ও বর্তমান বিশ্ব নিয়ে আলোচনা করেন সিপিআইএম এর শ্রীদীপ ভট্টাচার্য ও কল্লোল মজুমদার প্রমুখ।

কার্ল মার্কসের জন্মদিন উপলক্ষ্যে আজ প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে " কার্ল মার্কস : এই মুহূর্তে বাংলায়, ভারতবর্ষে , পৃথিবীতে" শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মূল বক্তা হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট অর্থনীতিবিদ প্রভাত পট্টনায়ক এবং শিল্প, চলচ্চিত্র সমালোচক শমীক বন্দ্যোপাধ্যায় , বিশিষ্ট নাট্য পরিচালক ও অভিনেতা কৌশিক সেন ।

oooooooooooooooooooooooooooooo